



বিএনপির কোনো আঁতাত নেই আওয়ামী দোসরদের সঙ্গে: রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, আওয়ামী লীগের দোসরদের সঙ্গে বিএনপির কোনো আঁতাত নেই। তিনি নেতাকর্মীদের সতর্ক থাকার আহ্বান জানিয়ে বলেন, বর্তমান সরকারের ব্যর্থতায় ফ্যাসিবাদের দোসররা দেশে-বিদেশে সক্রিয় হচ্ছে। পাশাপাশি তিনি দুর্নীতি দমন কমিশনের অকার্যকারিতা ও চলমান ষড়যন্ত্রের অভিযোগ তুলেছেন।

আওয়ামী লীগের দোসরদের সঙ্গে বিএনপির কোনো আঁতাত নেই বলে স্পষ্ট জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি সতর্ক করে বলেন, এসব দোসররা খোলস পাল্টালেও তাদের আসল চরিত্র পরিবর্তন হয়নি। তাই বিএনপি নেতাকর্মীদের সচেতন থাকতে হবে।

বুধবার (২৪ সেপ্টেম্বর) সকালে নবনির্বাচিত পিরোজপুর জেলা বিএনপির নেতৃবৃন্দের নিয়ে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে রিজভী এসব কথা বলেন। তিনি অভিযোগ করেন, অন্তর্বর্তী সরকার দক্ষতার পরিচয় দিতে পারলে ফ্যাসিবাদের দোসররা এ ধরনের কর্মকাণ্ডে সাহস পেত না। সরকারের ব্যর্থতায় তারা দেশে-বিদেশে কার্যক্রম চালাতে পারছে। একইসঙ্গে তিনি দুর্নীতি দমন কমিশনের সমালোচনা করে বলেন, দুদক লুটপাট হওয়া অর্থ ফেরত আনতে ব্যর্থ এবং কার্যত অকার্যকর অবস্থায় রয়েছে।

নিউইয়র্কে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে লাঞ্চিত করা হয়েছে—এমন প্রচারণা ভিত্তিহীন বলে দাবি করেন রিজভী। তার মতে, এটি সম্পূর্ণ মিথ্যা অপপ্রচার। ষড়যন্ত্র এখনও চলছে উল্লেখ করে তিনি নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান। বলেন, তৃণমূলের মাধ্যমে দলকে সুসংহত করতে হবে, যাতে জনগণ ধানের শীষে আস্থা রেখে ভোট দেয়।

শেখ হাসিনাকে “ভয়ংকর ফ্যাসিবাদী দুঃশাসনের প্রতীক” আখ্যা দিয়ে রিজভী আরও বলেন, দেশে নানা ষড়যন্ত্র ও মাস্টারপ্ল্যান চলছে। তিনি শহীদদের রক্ত বৃথা যেতে না দেওয়ার অঙ্গীকারের কথাও পুনর্ব্যক্ত করেন।